



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/17/2022

গভর্নর ক্যাথি হোকল

## গভর্নর হোকল সেইন্ট প্যাট্রিক দিবসের সম্মানে নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কসমূহকে আলোকিত করছেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে সেইন্ট প্যাট্রিক দিবসের (St. Patrick's Day) সম্মানে আজকে 17 মার্চ রাতে, নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কসমূহকে সবুজ আলোয় আলোকিত করা হবে।

"100 বছরেরও বেশি সময় পূর্বে আমার বাবার পিতামাতা আয়ারল্যান্ডের কেরি কাউন্টি থেকে মার্কিন যুক্তরাষ্ট্রে অভিবাসন করে, এবং নিউ ইয়র্ক স্টেটের সর্বোচ্চ পদে নির্বাচিত আইরিশ-আমেরিকান কর্মকর্তা হিসেবে আমি আমাদের স্টেট ও আমাদের দেশে আইরিশ-আমেরিকানরা যেই অবদান রেখেছে তার প্রতি সম্মান জানাতে পেরে গর্বিত," **গভর্নর হোকল বলেন।** "আজকে, আমরা আইরিশ-আমেরিকানদের বলিষ্ঠতা, অধ্যবসায় এবং দৃঢ় আত্মার স্বীকৃতি দিচ্ছি, এবং আমি আজকের দিনকে উদযাপন করে এমন হাজার হাজার নিউ ইয়র্কবাসীর জন্য একটি অত্যন্ত নিরাপদ ও শুভ সেইন্ট প্যাট্রিক দিবস কামনা করছি।"

সেইন্ট প্যাট্রিক দিবসের সম্মানে যেসকল ল্যান্ডমার্ক আলোকিত হবে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং (H. Carl McCall SUNY Building)
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস (State Fairgrounds) - প্রধান গেট ও এক্সপো সেন্টার
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ ("Franklin D. Roosevelt" Mid-Hudson Bridge)
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল (Grand Central Terminal) - পারশিং ক্লয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)

- ইরি খালের উপর ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge)

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)